


রাকসু নির্বাচন : মনোনয়ন নিয়েছেন ১২৩৩ জন প্রার্থী

রাবি প্রতিনিধি



সংগ্রহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (রাকসু), সিনেট ও হল

সংসদ নির্বাচনে মনোনয়নপত্র বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। এতে

কেন্দ্রীয় সংসদ, সিনেট ও হল সংসদ মিলিয়ে মোট এক হাজার

২৩৩ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। এর মধ্যে কেন্দ্রীয়

ছাত্রসংসদে ৩৯৫ জন, সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনে ৮৪ জন

এবং হল সংসদে ৭৫৪টি মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে।

মনোনয়নপত্র সংগ্রহের সময় বাড়ানোর কারণে ডোপ টেস্টের

সময়সীমাও আরো এক দিন বাড়িয়েছে নির্বাচন কমিশন।

এখন পর্যন্ত ৮৪১ জন প্রার্থী স্যাম্পল দিয়েছেন। এর মধ্যে

সাতজনের রিপোর্ট পজিটিভ এসেছে বলে জানা গেছে। নির্বাচন

কমিশনের আচরণবিধি অনুযায়ী, কোনো প্রার্থীর ডোপ টেস্ট

রিপোর্ট পজিটিভ হলে তাঁর প্রার্থিতা বাতিল হবে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, রাকসুর নির্দিষ্ট পদ উল্লেখ করে

মোট ১৮১টি মনোনয়নপত্র উত্তোলন করা হয়েছে।

এ ছাড়া নির্দিষ্ট পদ উল্লেখ না করে প্যানেলভিভিক ২১৪টি

মনোনয়ন ফরম সংগ্রহ করা হয়েছে। গণ ছাত্রজোট, ছাত্রদল,

সচেতন শিক্ষার্থী পরিষদ, ছাত্রশিবির, নাজমুস সাকিব, আফরিন

জাহান, তৌহিদুল ইসলাম, আধিপত্যবাদবিরোধী এক্য এবং

অপরাজেয় ৭১ জাতৰত ২৪ প্যানেলসহ বিভিন্ন সংগঠন ও জোট

থেকে মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে।

রাকসুর কোষাধ্যক্ষ সেতাউর রহমান বলেন, ‘শিক্ষার্থীদের এই

ব্যাপক অংশগ্রহণ আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা আরো প্রাণবন্ত

করবে বলে আমরা মনে করছি।’

এদিকে প্রথমে ২৮ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত প্রার্থীদের

ডোপ টেস্টের সময় নির্ধারণ করেছিল নির্বাচন কমিশন।

পরে প্রথম বর্ষের শিক্ষার্থীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করায়

মনোনয়নপত্র বিতরণের সময় বাড়ানো হলে ডোপ টেস্টের সময়ও

বাড়ানো হয়। বর্ধিত সময় অনুযায়ী ২ ও ৩ সেপ্টেম্বর সকাল ৮টা

থেকে সাড়ে ১১টা পর্যন্ত নমুনা সংগ্রহ করা হয়।

সর্বশেষ সংশোধিত তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র দাখিলের

সময় ৪ ও ৭ সেপ্টেম্বর। এরপর ৮-৯ সেপ্টেম্বর বাছাই, ১০

সেপ্টেম্বর প্রাথমিক তালিকা প্রকাশ, ১১ সেপ্টেম্বর আপত্তি ও

প্রত্যাহার, ১৩ সেপ্টেম্বর চূড়ান্ত প্রত্যাহার এবং ১৪ সেপ্টেম্বর প্রার্থী

তালিকা প্রকাশ করা হবে। আগামী ২৫ সেপ্টেম্বর সকাল ৯টা

থেকে বিকেল ৪টা পর্যন্ত একাডেমিক ভবনে ভোট চলবে।